

# নেং বোয়ালমারী ইউনিয়ন পরিষদ কার্যালয়

অফিসঃ রামনগর, ডাকঘরঃ ওয়াহিদাবাদ, উপজেলাঃ বোয়ালমারী, জেলাঃ ফরিদপুর।

স্মারক নং-বোয়াল ইউপি/বোয়াল/ফরিদ-২৩(৩৫)

আইন শৃঙ্খলা রক্ষা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মোঃ আঃ হক শেখ

চেয়ারম্যান, ৫ নং বোয়ালমারী ইউনিয়ন পরিষদ।

সভার তারিখঃ ২১/০৮/২০২৩ খ্রিঃ, রোজঃ সোমবার।

সভার স্থানঃ বোয়ালমারী ইউনিয়ন পরিষদ কার্যালয়। সকালঃ ১০ টা।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা নিম্নরূপঃ

ক্রঃ নং	কমিটির সদস্যগণের নাম	পরিচয়	পদবী	স্বাক্ষর
০১	জনাব মোঃ আঃ হক শেখ	চেয়ারম্যান	সভাপতি	স্বাক্ষরিত
০২	জনাব জাহাঙ্গীর হোসেন	অবসর প্রাপ্ত কর্মকর্তা	সদস্য	স্বাক্ষরিত
০৩	জনাব মোঃ আবুল বাশার মোল্যা	ইউপি সদস্য	সদস্য	স্বাক্ষরিত
০৪	মোসাঃ কনক বেগম	ইউপি সংরক্ষিত মহিলা সদস্য	সদস্য	স্বাক্ষরিত
০৫	জনাব সুব্রত কুণ্ডু	আনসার ও ভিডিপি	সদস্য	স্বাক্ষরিত
০৬	জনাব মোঃ সিরাজ মিয়া	ইউপি দফাদার	সদস্য	স্বাক্ষরিত
০৭	জনাব তরুন সরকার	ইউপি সচিব	সদস্য সচিব	স্বাক্ষরিত

**আলোচ্য সূচিঃ ইউনিয়নের বর্তমান আইন শৃঙ্খলা পরিস্থিতি।**

আজকের সভার শুরুতে সভার সভাপতি জনাব মোঃ আঃ হক শেখ সকলকে স্বাগত জানিয়ে আইন শৃঙ্খলা রক্ষা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভার কাজ আরম্ভ করেন। আজকের সভার সঞ্চালনা করেন ইউপি সচিব জনাব তরুন সরকার। সভায় সবাই যার যার পরিচয় দেন। সভাপতি স্বাগত বক্তব্য দেন এবং সবাইকে জানান যে, ইউনিয়ন পরিষদ আইন ২০০৯ এর ৪৫ নং ধারা অনুযায়ী ইউনিয়ন পরিষদের সভার সিদ্ধান্ত অনুযায়ী আইন শৃঙ্খলা রক্ষা বিষয়ক স্ট্যান্ডিং কমিটি গঠন করেন। তিনি আরো বলেন প্রতিমাসে একটা সভা করতে হবে এবং আইন শৃঙ্খলা পরিস্থিতি যাতে বিনষ্ট না হয় সে বিষয়ে সদা তৎপর থাকতে হবে। সামনে নির্বাচনকে কেন্দ্র করে কোন গোষ্ঠী যেন কোন প্রকার অস্থিতিশীল পরিবেশ না তৈরি করতে পারে সে ব্যাপারে সবাইকে সজাগ থাকতে বলেন। এ সময় বিভিন্ন মন্দির বা মসজিদে নিরাপত্তা ব্যবস্থা গ্রহণের জন্য তিনি দফাদারকে নির্দেশ দেন সংশ্লিষ্ট সবাইকে অবহিত করার জন্য কারণ বিশেষ একটি গোষ্ঠী সাম্প্রদায়িক গুজব সৃষ্টির জন্য সদা তৎপর।

সভায় অন্যান্যদের মধ্যে আনসার সদস্য সুব্রত কুণ্ডু, মোসাঃ কনক বেগম ও দফাদার সিরাজ মিয়া বক্তব্য রাখেন। সভাপতি সবার আলোচনা শেষে বলেন আমার ইউনিয়নে মাদক, সন্ত্রাস ও বাল্য বিবাহের ক্ষেত্রে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষিত জিরো টলারেন্স নীতি অনুসরণ করা হবে এবং সরকারের নীতিকে সামনের দিকে এগিয়ে নিয়ে যাবে।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভা সমাপ্ত ঘোষণা করেন।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

১. উপজেলা নির্বাহী অফিসার বোয়ালমারী, ফরিদপুর।

২. অফিস কপি।



(মোঃ আঃ হক শেখ)

চেয়ারম্যান ও সভাপতি

আইন শৃঙ্খলা রক্ষা বিষয়ক কমিটি



(তরুন সরকার)

ইউপি সচিব ও সদস্য সচিব

আইন শৃঙ্খলা রক্ষা বিষয়ক কমিটি